সংবাদ

তারিখ 23 APR 2009
পৃষ্ঠা ১২ কলাম ৫

# গ্রেডিং বৈষম্যের প্রতিবাদে শিক্ষামন্ত্রীকে স্মারকলিপি প্রতিরোধ কমিটির

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

চাকরির ক্ষেত্রে গ্রেডিং পদ্ধতির বৈষম্যের প্রতিবাদে শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি দিয়েছে গ্রেডিং বৈষম্য প্রতিরোধ জাতীয় কমিটি। গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস থেকে বিক্ষোভ শেষে শিক্ষা মন্ত্রণালয়ে স্মারকলিপি পৌঁছে দেয়া হয়।

সম্প্রতি গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে বৈষম্যের প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আন্দোলন শুরু করে শিক্ষার্থীরা। শিক্ষার্থীরা জানায়, তারা ২০০১ সালে এসএসসি ও ২০০৩ সালে এইচএসসি পরীক্ষা উত্তীর্ণ হয়।

প্রতিরোধ : পৃ: ২ ক: ৫

## প্রতিরোধ : কমিটির

(১২ পৃষ্ঠার পর)

তখন গ্রেডিংয়ের ক্ষেত্রে চতুর্থ বিষয়ের নম্বর যোগ না হওয়ায় তাদের পয়েন্ট কমেছে। তারা আরও জানায়, ইদানীং কোন কোন বেসরকারি প্রতিষ্ঠান চাকরির ক্ষেত্রে গ্রেডিং ৪.৫০কে প্রথম বিভাগ নির্ধারণ করছে। এতে করে তারা বৈষম্যের শিকার হচ্ছেন।

এ বৈষম্যের প্রতিবাদে শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে স্বাক্ষর সংগ্রহ কর্মসূচি, মানববন্ধন, বিক্ষোভ সমাবেশ করে আসছে। কর্মসূচির অংশহিসেবে গতকাল শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি দিয়েছে তারা।

স্মারকলিপিতে বলা হয়, গ্রেডিং বৈষম্যের কারণে তারা চাকরির ক্ষেত্রে বৈষম্যের শিকার হচ্ছে। বৈষম্যের সমাধানে শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ কামনা করে শিক্ষার্থীরা।